
দৈনিক ইত্তেফাক

২৪

তারিখ ...08 DEC 1998... ...
পৃষ্ঠা ২২ কলাম ৪......



*শিক্ষা সমাপনী উৎসব সেমিনারে ভাইস চ্যান্সেলর প্রফেসর আবুদল মান্নান ও চট্টগ্রাম চেম্বার সভাপতি কামাল উদ্দিন আহমদ বক্তৃতা করেন*

# ছাত্র-ছাত্রীদের প্রতি একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলার আহ্বান

চট্টগ্রাম অফিস ।। গত ৪ঠা ডিসেম্বর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এম,বি,এ ৫ম ব্যাচ হিসাব বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের শিক্ষা সমাপনী উৎসব উপলক্ষে আয়োজিত এক সেমিনারে ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলিয়াছেন, বিশ্ব-সমাজ সভ্যতা যেই ভাবে দ্রুত গতিতে আগাইয়া যাইতেছে তাহাতে আমাদের ছাত্র-ছাত্রীরা যদি তথ্য প্রবাহের সহিত সংযোগ না রাখে, তাহা হইলে তাহারা পিছাইয়া পড়িবে। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় তিনি সকলের ধ্যান-ধারণা ও চিন্তা-চেতনায় আধুনিকায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

'এমপ্লয়মেন্ট অপর চুনিটিস অব দি বিজনেস গ্রাজুয়েটস ইন বাংলাদেশ' শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন অধ্যাপক রঞ্জিত কুমার দে। চট্টগ্রাম জেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত হিসাব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান প্রফেসর গোলাম মহিউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে আলোচনায় অংশগ্রহণ করেন চট্টগ্রাম চেম্বার সভাপতি কামাল উদ্দিন আহমদ, চিটাগাং স্টক এক্সচেঞ্জ সেক্রেটারী কুদরাত-ই-খুদা, কাজী সাজ্জাদ হোসাইন, অমলভূষণ নাগ প্রমুখ।